# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
(Residential Autonomous College under University of Calcutta)

**B.A./B.SC. THIRD SEMESTER EXAMINATION, DECEMBER 2012**

**SECOND YEAR**

**BENGALI (Honours)**

Paper : III

Date : 14/12/2012
Time : 11 am – 3 pm
Full Marks : 100

১। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও। ১৪

ক) দেশ-কালের পটভূমিকায় নাট্যকার মন্মথ রায়ের অবদান, বাংলা নাটকের ক্ষেত্রে, মূল্যায়ন করো।

খ) দীনবন্ধুর 'সধবার একাদশী' প্রহসনরূপে অদ্যাবধি দ্বিতীয়রহিত – এই মন্তব্যের আলোকে প্রহসন রচয়িতা রূপে দীনবন্ধুর সার্থকতা আলোচনা করো।

২। সংক্ষিপ্ত আলোচনা করো। (যে কোন দুটি) ৩+৩=৬

একেই কি বলে সভ্যতা, প্রফুল্ল, কারাগার, ভীষ্ম।

৩। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও। ১১

ক) 'মেবারপতন' নাটকে 'দ্বিজেন্দ্রলাল জাতীয়তা অপেক্ষা মনুষ্যত্বকে বড় করিয়া দেখিয়াছেন' – এই উক্তির আলোকে উক্ত নাটকে প্রতিফলিত স্বদেশচেতনা সম্পর্কে আলোচনা করো।

খ) 'মেবারপতন' নাটকে নারীচরিত্রগুলির গুরুত্ব আলোচনা করো।

৪। 'কিন্তু সেদিন আমি এক নবমন্ত্রে দীক্ষিত হ্লাম।' – কে বলেছেন ? কাকে বলেছেন ? 'নবমন্ত্র'টি কী ? ১+১+২=৪

অথবা

'গিয়াছে দেশ দুঃখ নাই – আবার তোরা মানুষ হ' – প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো। ৪

৫। 'বিসর্জন' নাটকে মূল দ্বন্দ্ব কী ? এই দ্বন্দ্বে কার জয় ঘোষিত হয়েছে, কীভাবে – আলোচনা করো। ১১

অথবা

'বিসর্জন' নাটকের নামকরণের যৌক্তিকতা ও তাৎপর্য বিশ্লেষণ করো।

৬। 'তার চেয়ে গুরুদণ্ড চাই / স্পর্শ কর দেবীর চরণ।' – কে বলেছেন ? অপরাধী কে ? কী তার অপরাধ ? ১+১+২=৪

অথবা

'আজ দেবী নাই – / তুমি মোর একমাত্র রয়েছ দেবতা' – কার উক্তি ? কার প্রতি ? উক্তির তাৎপর্য কী ? ১+১+২=৪

৭। বাংলা কবিতার ইতিহাসে কবি মধুসূদনের উচ্চারিত কণ্ঠস্বর যেন 'নির্জন বনে সিংহের গর্জন' – উক্তিটি ব্যাখ্যা করো ১৪

অথবা

বাংলা কাব্যের ইতিহাসে খেয়ালরসের কবি সুকুমার রায়ের বিশেষত্ব বুঝিয়ে দাও। ১৪

৮। যে কোন দুটি বই নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। ৩+৩=৬

মরীচিকা, সাধের আসন, স্বপনপসারী, বৃত্রসংহার

৯। 'আমি বলব, এ সত্য / তাই এ কাব্য' – 'আমি' কবিতায় কোন্ 'সত্য' ব্যক্ত করেছেন কবি, আলোচনা করো। ১১

অথবা

'আফ্রিকা' কবিতার প্রেক্ষাপটে যে অশান্ত সমকাল স্পষ্ট হয়ে উঠেছে, তার পরিচয় দিয়ে কবিতাটিতে পরিস্ফুট সাম্রাজ্যবাদবিরোধী চেতনার পরিচয় দাও।

১০। 'আজি রজনীতে হয়েছে সময়' – কে বলেছেন ? কার উদ্দেশ্য বলেছেন ? 'সময়' হল কখন ? ১+১+২=৪

অথবা

'শুনিলাম মানবের কত বাণী দলে দলে / অলক্ষিত পথে উড়ে চলে / অস্পষ্ট অতীত হতে অস্ফুট সুদূর যুগান্তরে' – কোন্ কবিতার অংশ ? কবি এই পংক্তিগুচ্ছের মাধ্যমে কোন্ 'চলা'র পথের কথা বলেছেন ? ১+৩=৪

১১। 'কপোতাক্ষ নদ' কবিতাটিতে মধুসূদনের ব্যক্তি আমির যে যাত্রা শুরু, বাংলা গীতিকবিতার সুরটিও সেখান থেকেই বাজতে শুরু করেছে – উক্তিটির মূল্যায়ন করো। ১১

অথবা

'ছাত্রধারা' কবিতায় কালিদাস রায় যে আবহমান-কালব্যাপী গুরুশিষ্য পরম্পরার চিত্রটি তুলে ধরেছেন, তা বর্ণনা ও বিশ্লেষণ করো।

১২। 'কার নাম দুন্দুভি ? কাকে বলে অরণি ?/ বলবে কি ? তোমরা তো নোটবই পড়নি !'- 'দুন্দুভি' কী ? 'অরণি' কী ? 'নোটবই'তে যেসব মূল্যবান তথ্য উল্লিখিত আছে, তার আরো অন্তত দুটির উল্লেখ করো। ১+১+২=৪

অথবা

'আজও তাহার বিহনে গ্রাম ঠেকছে ফাঁকা ফাঁকা' – কার কবিতা ? কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত ? গ্রামটি কোন্ নদীর পারে ? কবে কবি সেখানে থাকতেন ? ১+১+১+১=৪